



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ  
স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইল: [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইন: ১৬১০৮

স্মারক: এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২০৯/১৩-১২৭

তারিখ: ০৫.০৬.২০২২

### প্রেস বিজ্ঞপ্তি:

চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএম কন্টেইনার ডিপোতে অগ্নিকাণ্ড ও বিস্ফোরণে শ্রমিক, ফায়ারসার্ভিস ও পুলিশের সদস্য হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে জাতীয় মানবাধিকার কমিশন। কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি এক শোকবার্তায় নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। একইসাথে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতিও গভীর সমবেদনা জানান।

গণমাধ্যম সূত্রে জানা যায়, শনিবার রাত নটার দিকে সীতাকুণ্ডের একটি বেসরকারি কন্টেইনার ডিপোতে শুরুতে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয় যা এখনো নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। ডিপোতে আমদানি হয়ে আসা এবং রপ্তানিমুখি প্রচুর মালবাহী কন্টেইনার ছিল। যার মধ্যে রাসায়নিক পদার্থও ছিল। অগ্নিকান্ডে এখন পর্যন্ত ৪৩ জন নিহত এবং প্রায় সাড়ে চারশ'র বেশি মানুষ আহত হয়েছে বলে জানা যায়। ২৬ একর জায়গা জুড়ে কন্টেইনার ডিপো পুরোটাই ধ্বংস হয়ে গেছে। গণমাধ্যম সূত্রে আরও জানা যায়, ডিপোর মালিকপক্ষ শুরুতে এসকল কন্টেইনারে যে হাইড্রোজেন পারঅক্সাইড/ দাহ্য পদার্থ রয়েছে তা ফায়ার সার্ভিসের কর্মীদের জানায় নি। ফলে দাহ্য পদার্থ থাকলে যে ধরণের অগ্নি নির্বাপন ব্যবস্থা নিতে হয় তা ফায়ার সার্ভিস কর্মীরা নিতে পারেনি যার ফলে এই মানবিক বিপর্যয় সৃষ্টি হয়েছে। এ প্রেক্ষাপটে বিবেচ্য অগ্নিকাণ্ডে ফায়ার সার্ভিস কর্মী, পুলিশ ও শ্রমিকদের হতাহতের দায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনভাবে এড়াতে পারেনা বলে কমিশন মনে করে।

এটি মানবাধিকারের চরম লঙ্ঘন বিধায় সুষ্ঠু তদন্তের মাধ্যমে এভয়ানক অগ্নিকান্ডের সঠিক কারণ উদঘাটন করে জড়িতদের কঠোর শাস্তির আওয়াজ আনা প্রয়োজন। অগ্নিকান্ডে নিহতদের প্রত্যেক পরিবারকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে উপযুক্ত সহায়তা প্রদান সুনিশ্চিত করতে এবং জড়িতদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করে কমিশনে প্রতিবেদন প্রেরণ করতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়কে অনুলিপি দেয়া হয়।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইল: ০১৩১৩৭৬৮৪০৪